অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/19/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে 12 শতাংশ নিউ ইয়র্কবাসীরা COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন

আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে সপ্তাহ 1-9 এ প্রাপ্ত মোট প্রথম ডোজের 98% প্রদান করেছে

রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে ; ny.gov/vaccinetracker যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করলেন যে 12.1 শতাংশ নিউ ইয়র্কবাসীরা COVID-19 টিকার অন্তত একটি ডোজ পেয়েছেন। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলো সপ্তাহ 1-9 এর প্রাপ্ত প্রথম ডোজের 98 শতাংশ প্রদান করেছে। শীতকালীন ঝড়ের কারণে ফেডারেল সরকারের 10 তম সপ্তাহের বরাদ্দ বিলম্বিত হয়েছে যা দেশের বেশিরভাগ ক্ষেত্রগুলিকে প্রভাবিত করেছে - নিউ ইয়র্ক এই পরিস্থিতির পর্যবেক্ষণ চালিয়ে যাচ্ছে এবং এই শিপিং সমস্যার সমাধানের জন্য সরবরাহকারী এবং ফেডারেল অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাচ্ছে। নিউ ইয়র্কের স্বাস্থ্য পরিচর্যা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত ডোজগুলির মধ্যে 88 শতাংশের পরিচালনা করেছে।

"আমরা ছুটির-পরবর্তী বৃদ্ধি থেকে ফিরে এসেছি এবং ছুটির মৌসুমের আগের সময় থেকে আমাদের সংক্রমণের হার সর্বনিম্ন হিসেবে রয়েছে - এটি একটি দারুণ সংবাদ, কিন্তু আমাদের সজাগ থাকতে হবে কারণ প্রত্যেক নিউ ইয়র্কবাসী অনাক্রম্য না হওয়া পর্যন্ত এবং নিউ ইয়র্ক COVID-মুক্ত না হওয়া পর্যন্ত আমরা এই যুদ্ধে বিজয়ী হব না," **গভর্নর কুওমো বলেন।** "সাপ্তাহিক সরবরাহ সীমিত থাকা সত্ত্বেও, নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং সম্প্রদায়ের প্রচেষ্টাগুলি যত সম্ভব দ্রুত এবং ন্যায়সঙ্গতভাবে বাহু পর্যন্ত টিকা পৌঁছে দিতে কাজ করছে, আমরা 3.5 মিলিয়নেরও বেশি টিকাকরণ করেছি, কিন্তু আমাদের আরও ডোজের প্রয়োজন। এছাড়াও এখন চরম আবহাওয়ার কারণে আমরা 10 তম সপ্তাহের টিকার শিপমেন্টে বিলম্ব দেখতে পাচ্ছি এবং নিউ ইয়র্কবাসীদের উপর এর প্রভাব কমাতে আমরা ফেডারেল সরকার এবং গ্রাউন্ডে থাকা আমাদের বিতরণ সাইটগুলির সাথে কাজ করছি।"

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল

বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়ন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

'আমি কি যোগ্য' স্ক্রীনিং টুলটি কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত সমস্যা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে এবং আগামী সপ্তাহগুলোতে একটি রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। পরের সপ্তাহ থেকে শুরু করে স্থানীয় স্বাস্থ্য বিভাগও এই ব্যক্তিদের জন্য টিকার বরাদ্দকরণ পাবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করে দেখাতে পারবেন যে তারা যোগ্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: সপ্তাহ 9 থেকে শুরু করে, মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম (Long Term Care Facility program) থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে। নিচে বরাদ্দের মোট সংখ্যা সপ্তাহ 10 এর বরাদ্দের 40 শতাংশকে অন্তর্ভুক্ত করে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারীর সাইটে বিতরণ করা শেষ হবে বলে আশা করা হয়।

স্টেটব্যাপী বিশদ তথ্য

প্রাপ্ত প্রথম ডোজ - 2,335,250
প্রদান করা প্রথম ডোজ - 2,147,076
প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 1,284,300
প্রদান করা দ্বিতীয় ডোজ - 1,033,367

অঞ্চল	প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)	প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)	মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)
Capital Region	228,670	194,014	85%
Central New York	191,470	170,913	89%
Finger Lakes	216,700	200,173	92%

Long Island	452,000	400,993	89%
Mid-Hudson	340,370	277,136	81%
Mohawk Valley	103,685	86,512	83%
New York City	1,617,410	1,405,292	87%
North Country	116,705	111,482	96%
Southern Tier	114,075	108,128	95%
Western New York	238,465	225,800	95%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	3,619,550	3,180,443	88%

	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	**নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলিতে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে**	**মোট**	**মোট**
সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20	90,675	0	90,675	N/A
সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27	392,025	0	392,025	482,700
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	201,500	0	201,500	684,200
সপ্তাহ 4: ডোজ আসছে	160,050	90,675	250,725	934,925

01/04 – 01/10				
সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17	209,400	45,825	255,225	1,190,150
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24	250,400	428,100	678,500	1,868,650
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	250,400	160,450	410,850	2,279,500
সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07	320,525	208,800	529,325	2,808,825
সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14	317,700	244,500	562,200	3,371,025
সপ্তাহ 10: ডোজ আসছে 2/15 – 2/21*	142,575	105,950	248,525	3,619,550

*এই সংখ্যা 10 সপ্তাহের বরাদ্দের 40 শতাংশ প্রতিনিধিত্ব করে। 21 জানুয়ারি, রবিবার দিনের শেষে পুরো সপ্তাহ 10 এর বরাদ্দকরণ আসবে বলে আশা করা হচ্ছে।

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে 1-9 সপ্তাহের জন্য পাওয়া প্রথম ডোজের 98 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দকরণের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। যে নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলব্ধ আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফ্যাসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন